

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, সৎ লোকদের উচ্ছিষ্ট ও ব্যবহৃত জিনিষ, পরিত্যক্ত বস্তু, নিদর্শন ইত্যাদি অম্বেষণ করা এবং তাদের ব্যক্তিসত্তা ও নিদর্শন দ্বারা বরকত হাসিল করা কি শরী'য়ত সম্মত? নাকি বিদ'আত ও গোমরাহী?

উত্তর: বল, এ বিশ্বাস ও কাজ মানুষের তৈরি, বিদ'আত। কেননা আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের সাথীগণ উম্মতের মধ্যে সবচেয়ে বেশি জ্ঞানী, উত্তম বুঝবান, কল্যাণের প্রতি সবচেয়ে বেশি আগ্রহী এবং মর্যাদাবানদের শ্রেষ্ঠত্ব সম্পর্কে সবচেয়ে বেশী জ্ঞানী ছিলেন। কিন্তু তারা আবু বকর, ওমর, উসমান ও আলী রাদিয়াল্লাহ্ আনহুমের ব্যবহৃত জিনিস, উচ্ছিষ্ট বস্তু ও নিদর্শন দ্বারা বরকত হাসিল করেননি। তারা তাদের নিদর্শন অনুসন্ধান করেননি। অথচ তারাই নবীগণের পর সর্বোত্তম মানুষ ছিলেন। তারা জানতেন বরকত হাসিল করা একমাত্র নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের সন্তার সাথেই খাস ছিল। সীমালজ্ঘন হওয়ার আশঙ্কায়ে উমার রাদিয়াল্লাহ্ আনহ্ বায়'আতে রিদওয়ানের গাছটি কেটে ফেলেছেন। নেককারগণ কল্যাণ অর্জনের প্রতি সবচেয়ে বেশি আগ্রহী ছিলেন। তাদের ব্যবহৃত, পরিত্যক্ত নিদর্শন অম্বেষণ করার মধ্যে যদি ফ্যীলত থাকত, তাহলে আমাদের আগে তারাই তা অর্জনে অগ্রগামী হতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9984

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন